ইত্তেফাক

তারিখ ... 27/10/79 ...
পৃষ্ঠা ... কলাম ...

164

# এমবিবিএস ক্লাশে ভর্তির যোগ্যতা

১৯৭৯ ৮০ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ এম, বি, বি, এস ক্লাসে ভর্তির আবেদনের জন্য প্রার্থিগণকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং যৌথভাবে এই দুই পরীক্ষায় অন্যূন শতকরা পঞ্চাশ (গ্রেস নম্বর ছাড়া) নম্বর পাইতে হইবে।

স্বাস্থ্য পরিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে বলা হয় যে, প্রার্থীদের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অবশ্যই পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যায় পাস নম্বর থাকিতে হইবে।

মহিলা প্রার্থীদের জন্য মেধার ভিত্তিতে প্রতিটি মেডিক্যাল কলেজে অন্যূন শতকরা বিশ ভাগ (বাংলাদেশের নাগরিকদের আসনের) আসন সংরক্ষিত থাকিবে।

মোট আসনের শতকরা পঞ্চাশ ভাগ জাতীয় মেধা ভিত্তিতে এবং বাকীগুলি বিভিন্ন জেলার জনসংখ্যার অনুপাতে মেধা অনুযায়ী বণ্টন করা হইবে।